

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৭৬

আগরতলা, ২৯ নভেম্বর, ২০২৪

এইডস/এইচআইভি সচেতনতা

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক রেড রান ম্যারাথন

এইডস/এইচআইভি সচেতনতায় উমাকান্ত একাডেমির প্রাঙ্গণ থেকে আজ সকালে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক রেড রান ম্যারাথন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ৫ কিলোমিটার দীর্ঘ এই ম্যারাথন প্রতিযোগিতার উদ্বোধন করেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। ম্যারাথনের উদ্বোধন করে তিনি বলেন, এইডস/এইচআইভি প্রতিরোধে সচেতনতা বাড়াতে এই ধরনের অনুষ্ঠান খুবই প্রাসঙ্গিক। রাজ্যে এইডস/এইচআইভি প্রতিরোধে সচেতনতা বাড়াতে বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, অতিরিক্ত জেলাশাসক মেঘা জৈন, পশ্চিম জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. রঞ্জন বিশ্বাস প্রমুখ। মেয়র দীপক মজুমদার সহ অন্যান্য অতিথিগণ পতাকা নেড়ে উমাকান্ত একাডেমির প্রাঙ্গণ থেকে এই ম্যারাথন প্রতিযোগিতার সূচনা করেন। উমাকান্ত একাডেমির প্রাঙ্গণ থেকে এই ম্যারাথন শুরু হয়ে আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে উমাকান্ত একাডেমির প্রাঙ্গণে এসে সমাপ্ত হয়। রাজ্য এইডস কন্ট্রোল ইউনিট, পশ্চিম ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয় এবং যুববিষয়ক ও ক্রীড়া দপ্তরের যৌথ উদ্যোগে এই ম্যারাথন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ম্যারাথন প্রতিযোগিতায় পুরুষ ও মহিলা বিভাগে ৩৫৩ জন প্রতিযোগী অংশ নেন। প্রতিযোগিতায় বিজয়ী ১৫ জন পুরুষ ও ১৫ জন মহিলা আগামী ১ ডিসেম্বর রাজ্যভিত্তিক প্রতিযোগিতায় অংশ নেবেন।
